

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭ ১২

আমবাসা, ৬ নভেম্বর, ২০২৪

কুলাইয়ে পালিত জল উৎসব

জল ব্যবস্থাপনা, সংরক্ষণ এবং স্থায়িত্বের প্রতি সচেতনতা ও সংবেদনশীলতা তৈরি করতে আজ থেকে ১৫ দিনের জল উৎসবের শুরু হয়েছে। এ উপলক্ষে ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে কুলাই ঠাকুরপাল্লী এলাকায় ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুভ সূচনা করেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হেমালি দেববর্মা, জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য, নীতি আয়োগের ইয়ং প্রফেশনাল অলকা নন্দা আর পি, পানীয়জল ও স্বাস্থ্য বিধি দপ্তরের সুপারিনিটেন্ডেন্ট ইঞ্জিনীয়ার জীবন দেববর্মা সহ অন্যান্য অতিথিবর্গ। উদ্বোধনী অনুষ্ঠান শেষে পানীয়জলের উৎসগুলির মধ্যে পরিত্র সূত্র বন্ধন করেন অতিথিবর্গ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস বলেন, পানীয়জলের উৎসগুলিকে আমাদের রক্ষা করতে হবে নতুন অদুর ভবিষ্যতে পানীয়জলের জন্য আমাদের সমস্যার সম্মুখীন হতে হবে। জলের অপচয় বন্ধ করে জল সংরক্ষণের জন্যও সকলকে এগিয়ে আসতে তিনি আহ্বান জানান। এই অনুষ্ঠানে উপস্থিত সকলে পানীয়জল সংরক্ষণের জন্য শপথ বাক্য পাঠ করেন। জল উৎসবের বার্তা ছড়িয়ে পানীয়জলের অপচয় বন্ধ এবং উৎসগুলির সঠিক রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বিষয়ে নীতি আয়োগের উদ্যোগে বিভিন্ন ধরণের কর্মসূচি পালন করা হবে জেলা জুড়ে।

\*\*\*\*\*